গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়
রাজারহাট, কুড়িগ্রাম।
http://doict.rajarhat.kurigram.gov.bd

# রাজারহাট উপজেলা আইসিটি কমিটির মার্চ-২০২৬ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ আল ইমরান , উপজেলা নির্বাহী অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম।
সভার তারিখ : ২৪ মার্চ, ২০২৬ খ্রি
সভার সময় : সকাল ১১:০০ টা
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।
উপস্থিতি : পরিশিষ্ট- "ক" ।

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সদস্য সচিবকে বিগত মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ও চলমান কার্যক্রম সম্পর্কে আলোচনা শুরু করার জন্য আহবান করেন। উপজেলায় আইসিটির বিস্তার ও উন্নয়ন, সকল সরকারি দপ্তর ও প্রতিষ্ঠানের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদকরণ, ডি-নথি, শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত আইসিটিডি ডিজিটাল ল্যাবসহ অন্যান্য কম্পিউটার ল্যাবের সুষ্ঠু ব্যবহার, সকল সরকারি দপ্তর ও কম্পিউটার ল্যাবে নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সংযোগ চালু রাখা, উন্নত বাংলদেশ বিনির্মাণ এবং জনগণের দোরগোড়ায় আইসিটি সেবা নিশ্চিত করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | **ওয়েব পোর্টাল সম্পর্কিত আলোচনা:**<br>সাধারণ জনগণ তথা সেবা গ্রহীতার নিকট অবাধ তথ্য সরবরাহের গুরুত্বপূর্ণ মাধ্যম হিসেবে সরকারি দপ্তরের পোর্টালের ব্যবহার জনগুরুত্বপূর্ণ হওয়ায় ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১.১। স্ব স্ব দপ্তরের গুরুত্বপূর্ণ নোটিশ, জরুরী খবর, সভার কার্যবিবরণী, সিটিজেন চার্টার, সেবার পাওয়ার ধাপসমূহ, কর্মকর্তা-কর্মচারীর তথ্য সংযোজনসহ অন্যান্য তথ্যাদি নিয়মিত হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ ব্যাপারে কারিগরী সহায়তা গ্রহণের জন্য উপজেলা আইসিটি অফিসারের সাথে যোগাযোগের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১.২। বিগত মাসের সিদ্ধান্ত মোতাবেক উপজেলার সকল সরকারী দপ্তরের ওয়েব পোর্টালের হালনাগাদ রিপোর্ট উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নিকট পেশ করা হয় এবং যেসকল দপ্তরের পোর্টাল শতভাগ হালনাগাদ নেই সেসকল অফিসের পোর্টাল শতভাগ হালনাগাদ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় । | ১। সকল অফিস প্রধানগণ<br>২। উপজেলা আইসিটি অফিসার |
| ২. | **ডি- নথিঃ**<br>হার্ডকপি ও মোবাইলের মাধ্যমে উপজেলার বিভিন্ন দপ্তরে পত্রজারি সম্পন্ন হওয়ায় ই-সাইনের ব্যবহার কমে যাচ্ছে। ডি-নথির পত্রজারিতে মোবাইলের মাধ্যমে ই-সাইন ব্যবহার করা গেলে এর ব্যবহারের সংখ্যা বাড়বে এই মর্মে আলোচনা হয়। | ১.১। বিভিন্ন সরকারি দপ্তরের অফিস প্রধানগণের মধ্যে যাদের ডি-নথি লাইভ আইডি তৈরি হয় নি, তাদের লাইভ আইডি তৈরি করতে হবে।<br>১.২। ডি-নথির পত্রজারিতে মোবাইলের মাধ্যমে ই-সাইন ব্যবহারের উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১। সকল অফিস প্রধানগণ<br>২। উপজেলা আইসিটি অফিসার |
| ৩. | **শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাব পরিদর্শন:**<br>শিক্ষার মান উন্নয়ন ও ছাত্র-ছাত্রীদেরকে আইসিটি শিক্ষায় শিক্ষিত করতে শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়। পর্যায়ক্রমে সকল শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব স্থাপন করা হবে এবং | ২.১। শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাবসমূহের যথাযথ ব্যবহার ও রক্ষণাবেক্ষণ এবং পরিদর্শন অব্যাহত রাখতে হবে।<br>২.২। কম্পিউটার ল্যাবে যদি কোন যন্ত্র বা যন্ত্রাংশ নষ্ট বা বিকল হয়, প্রতিষ্ঠান প্রধান তা সচল করার উদ্যোগ গ্রহণ করবেন এবং প্রমানকসহ এর প্রতিবেদন জমা দিবেন। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>২। উপজেলা শিক্ষা অফিসার<br>৩। উপজেলা আইসিটি অফিসার<br>৪। প্রতিষ্ঠান প্রধানগণ। |

| | | | |
|---|---|---|---|
| | সেগুলো নিয়মিত পরিদর্শন করতে হবে। | | |
| ৪. | **আইসিটিডি ডিজিটাল ল্যাবসহ অন্যান্য ল্যাবে প্রশিক্ষণ:**<br>শিক্ষক শিক্ষিকা, ছাত্র-ছাত্রীদেরকে আইসিটি নির্ভর জ্ঞানার্জনের জন্য ল্যাবে নিয়মিত প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | ৩.১। শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত আইসিটিডি ডিজিটাল ল্যাবসহ অন্যান্য ল্যাবে শিক্ষক, ছাত্র-ছাত্রীদের বেসিক আইসিটি প্রশিক্ষণ চালু করতে হবে।<br>৩.২। প্রত্যেক ল্যাবে ইন্টারনেট সংযোগের ব্যবস্থা রাখতে হবে। | ১। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান। |
| ৫. | **মাল্টিমিডিয়া ক্লাসরুম:**<br>অতীতে পাঠদান ছিল পাঠ্যপুস্তক ও শিক্ষকের মেধানির্ভর। ফলে বিজ্ঞান বিষয়ের পাঠেও তেমন কোনো প্রযুক্তিগত উৎকর্ষ দেখানো সম্ভব ছিল না। বর্তমানে সরকার তথ্য প্রযুক্তিতে অধিক গুরুত্ব আরোপ করার ফলে শুরু হয়েছে মাল্টিমিডিয়ার ব্যবহার। এখন পাঠভিত্তিক কনটেন্ট তৈরি করে তা শ্রেণিতে উপস্থাপন করা হয়। ফলে অধিক মাত্রায় শিক্ষার গুণগত মান বেড়েছে। | ৪.১। মাল্টিমিডিয়া ক্লাসরুম নিয়মিত পরিদর্শন করতে হবে।<br>৪.২। মাল্টিমিডিয়া ক্লাসরুম মনিটরিং সিস্টেমে নিয়মিত তথ্য আপলোড করতে হবে।<br>৪.৩। মাল্টিমিডিয়া ক্লাসরুম মনিটরিং সিস্টেমে যাতে ভুয়া তথ্য আপলোড না করে সেদিকে লক্ষ্য রাখতে হবে।<br>৪.৪। কোন শিক্ষক মাল্টিমিডিয়া ক্লাসরুমের উপর প্রশিক্ষণ না পেলে তার প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার।<br>২। উপজেলা শিক্ষা অফিসার<br>৩।উপজেলা একাডেমিক সুপারভাইজার<br>৪। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ। |
| ৬. | **সাইবার নিরাপত্তা বৃদ্ধি সংক্রান্ত:**<br>সাইবার নিরাপত্তা বাড়াতে শক্তিশালী পাসওয়ার্ড ব্যবহার, নিয়মিত সফটওয়্যার আপডেট, সন্দেহজনক লিঙ্কে ক্লিক না করা, এবং মাল্টি-ফ্যাক্টর অথেনটিকেশন (MFA) চালু করার মতো অভ্যাসগুলো বাড়াতে হবে। এছাড়াও, ডেটা ব্যাকআপ রাখা, নির্ভরযোগ্য অ্যান্টিভাইরাস ব্যবহার করা এবং ফিশিং বা ম্যালওয়্যার সম্পর্কে সচেতন থাকা জরুরি। | ৫.১। প্রতিটি অনলাইন অ্যাকাউন্টের জন্য শক্তিশালী, অনুমান করা কঠিন পাসওয়ার্ড ব্যবহার করতে হবে এবং সেগুলোতে নিয়মিত পরিবর্তন আনতে হবে।<br>৫.২। সোশ্যাল মিডিয়ায় অতিরিক্ত ব্যক্তিগত তথ্য শেয়ার করা থেকে বিরত থাকতে হবে এবং গোপনীয়তা সেটিংস (privacy settings) ভালোভাবে পরীক্ষা করতে হবে। | ১। বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ। |
| ৭. | **তথ্য অধিকার আইন ২০০৯:**<br>তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অনলাইন প্রশিক্ষণ গ্রহণ পরীক্ষায় অংশগ্রহণের অনুরোধ জানানো হয়। পরীক্ষায় সফলভাবে উত্তীর্ণ প্রার্থীদের সার্টিফিকেট প্রাপ্তির বিষয়টি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে নিশ্চিত করার জন্য অনুরোধ জানান। | ৬.১। তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অনলাইন প্রশিক্ষণ গ্রহণ পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর এর একটি কপি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জমা দিতে হবে। | ১। বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ। |

০২। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় উন্নত বাংলাদেশ গঠনে কার্যকর ভূমিকা রাখতে সকলকে অনুরোধ এবং ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ আল ইমরান)
উপজেলা নির্বাহী অফিসার
রাজারহাট কুড়িগ্রাম
ফোনঃ ০৫৮২৭-৫৬০০১
ই-মেইলঃunorararhat@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়
রাজারহাট, কুড়িগ্রাম।
http://doict.rajarhat.kurigram.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.৪৯৭৭.০০০.০৬.০০১.২৬- ১৫ তারিখঃ ৩১ মার্চ, ২০২৬ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি কার্যার্থে প্রেরণ করা হলঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৩। প্রশাসক, উপজেলা পরিষদ, রাজারহাট, কুড়িগ্রাম।
৪। জেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, কুড়িগ্রাম।
৫। উপজেলা ........................................................................................অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম।
৬। সদস্য (সকল), উপজেলা আইসিটি কমিটি, রাজারহাট, কুড়িগ্রাম।
৭। অফিস কপি।

31.03.26

(মোঃ রেজাউল হাসান )
উপজেলা আইসিটি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
রাজারহাট, কুড়িগ্রাম।
ফোন: ০১৭১৬০৬০৬৮৩

রাজারহাট উপজেলা আইসিটি বিষয়ক কমিটির মার্চ, ২০২৬ মাসের সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের তালিকা

তারিখঃ ২৪/০৩/২০২৬ খ্রি.

সময়ঃ সকাল ১১:০০ টায়

| ক্রম | কমিটির সদস্য | কমিটিতে পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম | সভাপতি | |
| ০২ | সহকারী কমিশনার (ভূমি), রাজারহাট, কুড়িগ্রাম | সদস্য | |
| ০৩ | জনাব মোঃ এনামুল হক, প্রভাষক, ভূগোল বিভাগ, মীর ইসমাইল হোসেন কলেজ, রাজারহাট। (অধ্যক্ষ এর প্রতিনিধি) | সদস্য | |
| ০৪ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম। | সদস্য | |
| ০৫ | উপজেলা কৃষি অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম। | সদস্য | Saifu |
| ০৬ | উপজেলা মৎস্য অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম। | সদস্য | |
| ০৭ | অফিসার ইন চার্জ, রাজারহাট থানা, রাজারহাট, কুড়িগ্রাম। | সদস্য | |
| ০৮ | উপজেলা প্রকৌশলী, রাজারহাট, কুড়িগ্রাম। | সদস্য | |
| ০৯ | প্রধান শিক্ষক, রাজারহাট সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, রাজারহাট, কুড়িগ্রাম। | সদস্য | |
| ১০ | জনাব মোঃ আব্দুস সালাম, প্রভাষক(আইসিটি), রাজারহাট আদর্শ মহিলা কলেজ, রাজারহাট। (অধ্যক্ষ এর প্রতিনিধি) | সদস্য | |
| ১১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম। | সদস্য | |
| ১২ | উপজেলা শিক্ষা অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম। | সদস্য | |
| ১৩ | উপজেলা সমাজসেবা অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম। | সদস্য | |
| ১৪ | প্রধান শিক্ষক, রাজারহাট পাইলট উচ্চ বিদ্যালয়, রাজারহাট। | সদস্য | |
| ১৫ | মোঃ রোকনুজ্জামান, ট্রেড ইন্সট্রাক্টর ( ইলেক্ট্রিক্যাল), সিঙ্গারডাবরীহাট এম.এল উচ্চ বিদ্যালয়, রাজারহাট | সদস্য | |
| ১৬ | সুনীল কুমার মোহন্ত, উদ্যোক্তা, ঘড়িয়ালডাঙ্গা, রাজারহাট, কুড়িগ্রাম। | সদস্য | |
| ১৭ | উপজেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজারহাট, কুড়িগ্রাম। | সদস্য-সচিব | 24.03.26 |